

## দৈনিক ইত্তেফাক

ঢাকা ভাঙ্গিটি খুলিয়াছে

38

# ছাত্রছাত্রীদের উপস্থিতি কম ॥ চাপা উত্তেজনা

(ইত্তেফাক রিপোর্ট)  
গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিয়াছে। প্রথম-দিনে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের অধিকাংশ ক্লাস অনুষ্ঠিত হয়। তবে ক্লাসে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হার খুবই কম ছিল। গতকাল পর্যন্ত বিভিন্ন হলের অধিকাংশ ছাত্র-ছাত্রী ফিরিয়া আসে নাই।

এদিকে কয়েকটি হলে উত্তে-  
(২য় পৃ: ৬-এর ক: দ্র:)

### আজ ভাঙ্গিটি খুলিয়াছে (১ম পৃ: পর)

জনা দেখা দিয়াছে। বিশেষ করিয়া এস, এম হলের পরিস্থিতি কর্তৃপক্ষকে ভাবাইয়া তুলিয়াছে। রাতের অন্ধকারে এস, এম হল ক্যাম্পাসের নিরাপত্তা কাঁটাতারের বেড়া কে বা কাহারো উঠাইয়া নেওয়ায় দুইটি ছাত্র সংগঠনের মধ্যে উত্তেজনা দেখা দিয়াছে। জ্বরুল হক হল ক্যাম্পাস এবং এস, এম হল ক্যাম্পাসের মধ্যবর্তী এলাকায় ইতিপূর্বে দেওয়াল ছিল। ঈদের বন্ধের পূর্বে একটি ছাত্র সংগঠন এই দেওয়ালের একটি অংশ ভাঙ্গিয়া ফেলে। ঈদের বন্ধের সময় এই ভাঙ্গা অংশে কাঁটাতারের বেড়া দেওয়া হইয়াছিল।

জানা যায়, ইতিপূর্বে যাহারা হল হইতে বিভাজিত হইয়াছিল তাহারা নিজ নিজ হলে ফিরিয়া আসিতে শুরু করিয়াছে। সকলের মধ্যেই হলে প্রত্যেক বিস্তারের মনোভাব প্রকট হইয়া উঠায় চাপা উত্তেজনা বিরাজ করিতেছে। গতকাল মধুর কেন্দ্রিন এবং কলাভবন এলাকায় বিভিন্ন ছাত্র সংগঠনের মিছিল, সভায় পরস্পর বিরোধী শ্লোগান ও বক্তব্য ছিল উল্লেখ করার মত। অবস্থা দৃষ্টে মনে হইতেছে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া সভা না করার সিদ্ধান্তকে কেহই গুরুত্ব দেয় নাই।

ডা: মিলন ও ছাত্রনেতা মাহবুবের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে ছাত্রদল, ছাত্রলীগ(আ-অ), ছাত্রলীগ(না-শ) গতকাল কলাভবনে পৃথকভাবে বিক্ষোভ মিছিল শেষে ছাত্রসভার আয়োজন করে।

ডাকসু ভবনের সম্মুখে ছাত্রদলের সভায় বলা হয়, ডা: মিলনের খুনীদের সংগঠনে আশ্রয় দিয়া ছাত্র লীগ (আ-অ) ক্যাম্পাসকে সন্ত্রাসের রাজত্বে পরিণত করিয়াছে। সভায় ছাত্রনেতা মাহবুব হত্যাকাণ্ডে ছাত্রলীগকে (আ-অ) দায়ী করা হয়। হাবিব-উন-নবী সোহেল, আলী আকাস নাদিম সভায় বক্তৃতা করেন।

মধুর কেন্দ্রিনের সম্মুখে ছাত্র-নাগের (আ-অ) সভায় বলা হয়, আত্মঘাতী গুলীতে মাহবুব নিহত হইলেও একটি মুহল এ ব্যাপারে ছাত্রলীগকে (আ-অ) জড়ানোর চেষ্টা চালাইতেছে। সভায় ক্যাম্পাসে সন্ত্রাসের জন্য ছাত্রলীগ (না-শ) ও সরকারী ছাত্র সংগঠনকে দায়ী করা হয়। গোলাম মোস্তফা সুজন, কামরুজ্জামান আনসারী সভায় বক্তৃতা করেন।

ছাত্রলীগ (না-শ) কলাভবন হইতে শৌক মিছিল বাহির করিয়া জাতীয় প্রেসক্লাবের সম্মুখে এক ছাত্রসভার আয়োজন করে। সভায় ছাত্রনেতা মাহবুব হত্যাকাণ্ডে ছাত্রলীগকে (আ-অ) দায়ী করা যায়। নাজমুল হক প্রধান, শফি আহমেদ সভায় বক্তৃতা করেন। সভায় সন্ত্রাসীদের রাজনৈতিক ও সামাজিকভাবে বয়কট করার আহ্বান জানান হয়।

### আজ ছাত্রসভা

ডা: মিলন ও ছাত্রনেতা মাহবুব হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেফতার ও বিচারের দাবীতে ডাকসু আজ (রবিবার) সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র-সভা আহ্বান করিয়াছে।